

৯টি শিক্ষা প্রতিষ্ঠানকে  
 কম্পিউটার দিয়েছে ইসলামী  
 ব্যাংক ফাউন্ডেশন

ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেডের সহযোগী প্রতিষ্ঠান ইসলামী ব্যাংক ফাউন্ডেশন দেশের বিভিন্ন এলাকার ৯টি শিক্ষা প্রতিষ্ঠানকে কম্পিউটার প্রদান করেছে। ব্যাংকের বোর্ড অফ ডিরেক্টরস-এর চেয়ারম্যান শাহ আবদুল হান্নান বৃহস্পতিবার ইসলামী ব্যাংক টাওয়ারে ব্যাংকের বোর্ড রুমে অনাড়ম্বর অনুষ্ঠানের মাধ্যমে ইসলামী ব্যাংক ফাউন্ডেশনের শিক্ষা কর্মসূচির আওতায় অনুদান হিসেবে এসব সামগ্রী হস্তান্তর করেন। প্রতিষ্ঠানগুলো হচ্ছে কক্সবাজারের মুনিরিয়া বাহারুল উলুম মাদ্রাসা ও ইসলামিয়া বালিকা ফাজিল মাদ্রাসা, নোয়াখালীর রংমালা দারুস সুন্নাহ মডেল সিনিয়র মাদ্রাসা, রংমালা আদর্শ উচ্চ বিদ্যালয় ও আল ফারুক একাডেমী, ঢাকার জান্নাতুল বানাত (মহিলা) মাদ্রাসা, নওগাঁর আল-ফারুক ইসলামী একাডেমী, টাঙ্গাইলের রেসিডেন্সিয়াল মডেল স্কুল অ্যান্ড কলেজ এবং ভোলার আদর্শ একাডেমী। অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগের অধ্যাপক এ.আর খানও উপস্থিত ছিলেন। সংবাদ বিজ্ঞপ্তি।